

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪১৬

১৬/ রক্তপণ (খুট্রি الله عن رسول الله عليه)

পরিচ্ছেদঃ অমুসলিমদের বদলায় মুসলিমকে হত্যা করা যাবে না।

باب مَا جَاءَ لاَ يُقْتَلُ مُسْلِمٌ بِكَافِرٍ

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا هُشَيْمٌ، أَنْبَأَنَا مُطَرِّفٌ، عَنِ الشَّعْبِيّ، حَدَّتَنَا أَبُو جُحَيْفَةَ، قَالَ قُلْتُ لِعَلِيّ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ هَلْ عِنْدَكُمْ سَوْدَاءُ فِي بَيْضَاءَ لَيْسَ فِي كِتَابِ اللَّهِ قَالَ لاَ قُلْتُ لِعَلِيّ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ هَلْ عِنْدَكُمْ سَوْدَاءُ فِي بَيْضَاءَ لَيْسَ فِي كِتَابِ اللَّهِ قَالَ لاَ وَالَّذِي فَلَقَ الْحَبَّةَ وَبَرَأً النَّسَمَةَ مَا عَلِمْتُهُ إِلاَّ فَهْمًا يُعْطِيهِ اللَّهُ رَجُلاً فِي الْقُرْآنِ وَمَا فِي الصَّحِيفَةِ قَالَ فِيهَا الْعَقْلُ وَفِكَاكُ الأَسِيرِ وَأَنْ لاَ يُقْتَلَ مُؤْمِنٌ الصَّحِيفَةِ قَالَ فِيها الْعَقْلُ وَفِكَاكُ الأَسِيرِ وَأَنْ لاَ يُقْتَلَ مُؤْمِنٌ بِكَافِرٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَلِيّ حَدِيثُ بِكَافِرٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و . قَالَ أَبُو عِيسَى حَديثُ عَلِيّ حَدِيثُ حَسَنٌ صَحَيِحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيّ وَمَالِكِ مَسَنٌ صَحَيحٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيّ وَمَالِكِ بَنْ أَنسٍ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ قَالُوا لاَ يُقْتَلُ مُؤْمِنٌ بِكَافِرٍ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لَهُ الْمُعَاهِدِ . وَقَالَ بَعْضُ أَهْلُ الْعِلْمِ لَيُقْتَلُ مُؤْمِنٌ بِكَافِرٍ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لَيُعْتَلُ الْمُسْلِمُ بِالْمُعَاهِدِ . وَالْقَوْلُ الْأَوْلُ لاَ يُقْتَلُ مُؤُمِنٌ بِكَافِو . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لَلْ الْمُعَاهِدِ . وَالْقَوْلُ الْأَوْلُ الْمُعَلِي .

বাংলা

১৪১৬. আহমাদ ইবনু মানী (রহঃ) আবূ যুহায়ফা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আলী রাদিয়াল্লাহু আনহু কে বললাম, হে আমীরুল মুমি'নীন! আপনার কাছে আল্লাহর কিতাব ছাড়াও সাদা পত্রে কালো কিছু লেখা আছে কি? তিনি বললেন, কসম ঐ সন্তার যিনি বীজ বিদীর্ণ করে চারা উদগত করেছেন এবং প্রাণের সৃষ্টি করেছেন। আল্লাহ একজনকে কুরআনের বিষয়ে যে প্রজ্ঞা দিয়েছেন এবং এই সাহীফায় যা আছে তা ছাড়া আমি তো কিছুই জানি না। আবূ জুহায়ফা বলেন যে, আমি বললাম, এই সাহিফায় কি আছে? তিনি বললেন, এতে আছে দিয়াত ও গোলাম আযাদ করার কথা এবং এই কথা যে, অমুসলিমের কিসাসে মুসলিমকে কতল করা যাবে না। - ইবনু মাজাহ ২৬৫৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪১২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। আলী রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। কতক আলিমের এতদনুসারে আমল রয়েছে। এ হল সুফইয়ান ছাওরী, মালিক ইবনু আনাস, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। তারা বলেন, অমুসলিমের বদলায় মুসলিমকে কতল করা যাবে না। কতক আলিম বলেন, যিন্মি বা চুক্তিবদ্ধ কাফিরের বদলায় মুসলিমকে হত্যা করা যাবে। প্রথমোক্ত



অভিমতটি অধিকতর সহীহ।

English

Abu Juhaifah said:

"I said to 'Ali: O Commander of the Believers! Do you have anything written that is not in Allah's Book?' He said: 'By the One Who splits the seed and creates the soul, I have not learned from it except what understanding of the Qur'an Allah gives to a man, and what is in this sheet of paper.' I said: 'What is in the paper?' He said: 'It is the 'AqI, the (ransom for) release of captives, and the judgement that no believer is killed for a disbeliever.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন